দেশে করোনা আক্রান্ত দেড় লাখ ছাড়াল

দেশে গত ২৪ ঘণ্টায় করোনাভাইরাসে আক্রান্ত হয়েছে ৩৮ জনের মৃত্যু হয়েছে। মহামারীতে এ পর্যন্ত মারা গেছেন এক হাজার ৯২৬ জন।

বৃহস্পতিবার দুপুরে কোভিড-১৯ রোগ নিয়ে হালনাগাদ তথ্য দিতে স্বাস্থ্য অধিদফতরের অনলাইন সংবাদ ব্রিফিংয়ে এমন তথ্য জানানো হয়েছে।

অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন) অধ্যাপক ডা. নাসিমা সুলতানা বলেন, এ সময়ে নতুন করে চার হাজার ১৯ জনের শরীরে করোনা শনাক্ত হয়েছে। এ পর্যন্ত শনাক্ত হয়েছে এক লাখ ৫৩ হাজার ২৭৭ জন।

তিনি বলেন, ২৪ ঘণ্টায় ১৭ হাজার ৪৪৭টি নমুনা সংগ্রহ করা হয়েছে। আর পরীক্ষা করা হয়েছে ১৮ হাজার ৩৬২টি। এ পর্যন্ত নমুনা পরীক্ষা করা হয়েছে আট লাখ দুই হাজার ৬৯৭টি।

তিনি বলেন, আজ ৭০টি পরীক্ষাগারে নমুনা পরীক্ষা করা হয়েছে। আরেকটি বেসরকারি মেডিকেল কলেজ পরীক্ষাগারের সঙ্গে সংযুক্ত হয়েছে।

‘গত এক দিনে সুস্থ হয়েছেন চার হাজার ৩৩৪জন। আর এ পর্যন্ত সুস্থ হয়েছেন ৬৬ হাজার ৪৪২ জন। শনাক্তের বিবেচনায় সুস্থতার হার ৪৩.৩৫ শতাংশ।’

তিনি আরও বলেন, শনাক্ত বিবেচনায় মৃত্যুর হার এক দশমিক ২৬ শতাংশ। মৃতদের মধ্যে পুরুষ ৩২ জন, আর নারী ছয় জন।

করোনার ঝুঁকি এড়াতে সামাজিক দূরত্ব বজায় রাখা এবং স্বাস্থ্যবিধি মানতে সবাইকে অনুরোধ জানিয়ে তিনি বলেন, দেশের কয়েকটি এলাকা বন্যাকবলিত। সরকার দুর্গতদের সহায়তায় কাজ করছে।

পাশাপাশি স্বাস্থ্য অধিদফতরের পক্ষ থেকে সব ধরনের ওষুধ বন্যাদুর্গত এলাকায় পৌঁছানো হয়েছে। করোনা মোকাবেলায় দুর্গত এলাকায় সবাই স্বাস্থ্যবিধি মেনে চলুন। পানিতে ডুবে ও সাপের কামড়ে মারা যাওয়া থেকে সতর্ক থাকুন। সুত্র-যুগান্তর

[redacted]

[redacted]

এছাড়াও গাংনী উপজেলা শহর থেকে ২ কিঃমিঃ দক্ষিণ-পশ্চিমে মনোরম পরিবেশ শিক্ষা উপযোগী স্থান হিসেবে বিবেচিত বলে দাবী স্থানীয়দের। ১৯৯০ সাল থেকে ওয়াসিম সাজ্জাদ লিখন বিশ^বিদ্যালয় স্থপনের দাবীতে বিভিন্ন মহলে দাবী করেন। মানববন্ধন শেষে একটি আহবায়ক কমিটি গঠর করা হয়। এ আহবায়ক কমিটিতে কৃষকলীগ নেতা ওয়াসিম সাজ্জাদ লিখনকে আহবায়ক ও উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহবায়ক আবুল বাশারকে যুগ্ম আহবায়ক করা হয়।

সাবেক এমপি মকবুল হোসেন ও সাবেক এমপি আমজাদ হোসেন জাতীয় সংসদে বার বার চিৎলা পাটবীজ খামারে কৃষি বিশ^বদ্যালয় স্থাপনের দাবী উত্থাপন করেন। মেহেরপুর-২ (গাংনী) আসনের বর্তমান সংসদ মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন জাতীয় সংসদে এদাবী পরুনের প্রস্তাব তোলেন। বিষয়টি বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ◌্গাংনীর মানুষের দাবীর প্রেক্ষীতে শিক্ষা বিভাগকে প্রয়োজনীয় ব্যাবস্থা গ্রহনের নির্দেশ দেন। এমতাবস্থায় কৃষি বিশ^বিদ্যালয়টি চিৎলা পাটবীজ খামারে স্থাপনের দাবীতে আশায় বুক বেধেছেন গাংনীবাসি।

মেহেরপুরে নতুন দুই ইউনিয়ন শ্যামপুর ও বারাদি

দির্ঘদিনের দাবির পেক্ষিতে অবশেষে মেহেরপুর সদর উপজেলায় শ্যামপুর ও বারাদিকে নতুন ইউনিয়ন গঠন করা হয়েছে। মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি করা হয়।

গত ২৪ জুন দুটি পৃথক গণবিজ্ঞপ্তির মাধ্যমে এ ইউনিয়ন দুটি ঘোষনা করে মেহেরপুর সদর উপজেলা ভূমি অফিস। নতুন ইউনিয়নের মধ্যে ১২টি গ্রাম নিয়ে শ্যামপুর ইউনিয়ন গঠন করা হয়েছে। গ্রামগুলো হলো- ঝাউবাড়িয়া, দিঘিরপাড়া, রামনগর, কাজীপুরপাড়া, গোপালপুর, বসন্তপুর, পুরাতন মদনাডাঙ্গা, নতুন মদনাডাঙ্গা, আলমপুর, ধুশারপাড়া, শ্যামপুর, বেলতলাপাড়া।

এছাড়া ১৫টি গ্রাম নিয়ে বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে। সেগুলো হলো- রাজনগর, জুগিন্দা, কলাইডাঙ্গা, বারাদি, মোমিনপুর, বর্শিবাড়িয়া, হাসনাবাদ, পাটাপোকা, পাটকেলপোতা, চাঁদপুর, নতুন দরবেশপুর, পুরাতন দরবেশপুর, সিংহাটি, পূর্বপাড়া, শিমুলতলা।

সহকারী কমিশনার (ভূমি) মাইনউদ্দিন সাক্ষরিত গন বিজ্ঞপ্তিতে বলা হয়, জন সংখ্যা বৃদ্ধিজনিত কারনে এবং প্রশাসনিক সুবিধার্থে বড় দুটি ইউনিয়নকে ভেঙে চারটি করার সিদ্ধান্ত নেওয়া হয়। এর মধ্যে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নকে ভেঙে আমঝুপি ও শ্যামপুর এবং পিরোজপুর ইউনিয়নকে ভেঙে পিরোজপুর ও বারাদি ইউনিয়ন গঠন করা হয়েছে।

স্থানীয় সরকার আইন, ২০০৯ এর ১২ ধারার ক্ষমতাবলে সীমানা নির্ধারণকারী কর্মকর্তা হিসেবে সদর উপজেলা ভুমি কর্মকতা (সহকারি কমিশনার ভুমি) ওই আইনের ১৩ ধারার বিধান অনুযায়ী নবগঠিত শ্যামপুর ও বারাদি ইউনিয়নের প্রস্তাবিত ওয়ার্ড সমূহের সীমানা নির্ধারণ পূর্বক একটি গন বিজ্ঞপ্তি জারি করেন।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ওয়ার্ডের তালিকাতে কারও আপত্তি থাকলে ১০ কার্য দিবসের মধ্যে জেলা প্রশাসকের কাছে লিখিতভাবে আপিল করতে পারবে।

মেপ্র/এমএফআর

মেহেরপুরে পুরাতন নাসির বিড়ি জব্দ

মেহেরপুরে নাসির টোব্যাকো কোম্পানির পুরাতন স্বাস্থ্য সতর্কতা সম্বলিত ৮৫০০ শলাকা নাসির বিড়ি জব্দ করা হয়েছে।

বৃহস্পতিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে সদর উপজেলার মদনাডাঙ্গা বাজারে অভিযান চালিয়ে এগুলো জব্দ করা হয়।

সদর উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো তারিকুল ইসলামের নেতৃত্বে অভিযান চালিয়ে কোম্পানির বিক্রয় প্রতিনিধি বিপ্লব হোসেনের নিকট থেকে পুরাতন বিড়ি জব্দ করা হয়।

উপজেলা স্যানিটারী ইন্সপেক্টর মো তারিকুল ইসলাম জানান, ধুমপানও তামাকজাত দ্রব্য ব্যবহার ও নিয়ন্ত্রণ আইন অনুযায়ী এই সব পুরাতন বিড়ি জব্দ করা হয়েছে।আগামীতে এধরনের কাজ আর হবেনা মর্মে পরিবেশক মিঃ বিষুবাবু প্রতিজ্ঞা করেছেন।

মেপ্র/এমএফআর

চলে গেলেন ক্যারিবিয়ান কিংবদন্তি এভারটন উইকস

ওয়েস্ট ইন্ডিজ কিংবদন্তি স্যার এভারটন উইকস গত বছরের জুনে হার্ট অ্যাটাক করেন। সেই থেকেই অসুস্থ ছিলেন। শেষ পর্যন্ত বুধবার মৃত্যুর কাছে হার মানলেন তিনি। বারবাডোজে নিজ বাড়িতে মারা গেছেন ৯৫ বছর বয়সী সাবেক এই ক্যারিবিয়ান ব্যাটসম্যান। খবরটি নিশ্চিত করেছে ক্রিকেট ওয়েস্ট ইন্ডিজ সামাজিক যোগাযোগ মাধ্যমে।

উইকস ছিলেন ওয়েস্ট ইন্ডিজের বিখ্যাত ‘থ্রি ডব্লিউ’ এর শেষ জীবিত সদস্য। অন্য দু’জন স্যার ক্লাইড ওয়ালকট ও স্যার ফ্রাঙ্ক ওরেল। তারাও না ফেরার দেশে পাড়ি জমিয়েছেন অনেক আগেই। ১৯৪৮ সালের শুরুর দিকে তিন সপ্তাহের মধ্যে টেস্ট অভিষেক হয়েছিল এ তিনজনের।

তিনজনের মধ্যে সেরা ব্যাটসম্যান ছিলেন উইকস। ১৯৪৮ সালের মার্চ থেকে ডিসেম্বর পর্যন্ত তিনি সেঞ্চুরি করেছিলেন টানা পাঁচ টেস্ট ইনিংসে, যা এখনও বিশ্ব রেকর্ড হিসেবে টিকে আছে। এছাড়া ষষ্ঠ ইনিংসে আম্পায়ারের ভুলে ৯০ রানে রান আউট হয়েছিলেন তিনি।

টেস্টে উইকস এক হাজার রান ছুঁয়েছিলেন মাত্র ১২ ইনিংসে। এটিও হার্বার্ট সাটক্লিকের সঙ্গে যৌথভাবে বিশ্ব রেকর্ড। সব মিলিয়ে ৪৮ টেস্টে ৫৮.৬১ গড়ে রান করেছেন ৪ হাজার ৪৫৫। ১৯৯৫ সালে পান

‘নাইটহুড’ উপাধি।

সূত্র- বিডি প্রতিদিন

প্রধানমন্ত্রীর ডিজিটাল বাংলাদেশ ভিশন বাস্তবায়নে নেতৃত্ব দিচ্ছেন জয়

যেসব দেশ তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে (আইসিটি) এগিয়ে তারা করোনাকালে বাড়তি সুফল পাচ্ছে। দ্রুত ডিজিটাল প্রযুক্তির প্রসারে এগিয়ে থাকা দেশের তালিকায় উঠে এসেছে বাংলাদেশের নাম। সরকারের ডিজিটাল বাংলাদেশ কর্মসূচির আওতায় গত ১১ বছরে গড়ে ওঠা তথ্য-প্রযুক্তি অবকাঠামোই এ কঠিন পরিস্থিতি সামাল দিতে কাজে লাগছে বলে মনে করছেন তথ্য-প্রযুক্তি বিশেষজ্ঞরা। তারা বলছেন, জরুরি সেবাসহ অর্থনৈতিক কর্মকাণ্ড চালু রাখা সম্ভব হচ্ছে ডিজিটাল প্রযুক্তির কল্যাণে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী রূপকল্প বাস্তবায়নে আইসিটি উপদেষ্টা হিসেবে পাশে পেয়েছেন সুযোগ্য সন্তান সজীব ওয়াজেদ জয়কে। প্রযুক্তিতে বাংলাদেশকে উন্নত বিশ্বের কাতারে নিয়ে যেতে ফাইভজি চালুর প্রস্তুতিসহ ডিজিটাল অবকাঠামো ব্যাপকভাবে সম্প্রসারণে নেতৃত্ব দিচ্ছেন তিনি।

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের (বুয়েট) সিএসই বিভাগের অবসরপ্রাপ্ত অধ্যাপক ও প্রযুক্তি বিশেষজ্ঞ ড. এম কায়কোবাদ জানান, ডিজিটাল বাংলাদেশের যে স্বপ্ন আমাদের দেখিয়েছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও তার সন্তান সজীব ওয়াজেদ জয়, সেটা আজ বাস্তবতা। কিন্তু আমাদের আরো দ্রুত এগোতে হবে। গ্রাম ও শহরের ডিজিটাল বৈষম্য আরো কমিয়ে আনতে হবে।

গত চার বছরে ডিজিটাল অর্থনীতিতে চমকপ্রদ অগ্রগতি অর্জন করে হুয়াওয়ের ‘গ্লোবাল কানেক্টিভিটি ইনডেক্স ২০১৯’-এর ‘টপ মুভার’ তালিকায় জায়গা করে নিয়েছে বাংলাদেশ। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহেমদ পলক জানান, প্রধানমন্ত্রী যে ডিজিটাল

মেহেরপুরে নিম্নআয়ের পরিবারের মাঝে খাদ্য বিতরণ

মেহেরপুরে জনপ্রশাসন প্রতিমন্ত্রীর নিদর্শনায় স্যোসাল এইড এর সহযোগিতায় দুস্থের মাঝে খাদ্য সামগ্রী বিতরণ হয়েছে।

বৃহস্পতিবার সকালে মেহেরপুর সরকারি বালিকা বিদ্যালয়ে ২শ পরিবারের মাঝে এই খাদ্য সামগ্রী বিতরণ করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে সাবেক ছাত্রনেতা বর্তমান মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন দুস্থদের হাতে খাদ্য সামগ্রী তুলে দেন।

খাদ্য তালিকায় ১০ কেজি চাউল, ১ কেজি ডাউল,২ কেজি আলু,১ কেজি পিয়াজ,১ লিটার তৈল ও ১ কেজি লবন ছিল।

খাদ্য বিতরণকালে আমিনুল ইসলাম খোকন বলেন, কোভিড ১৯ করোনা ভাইরাসের কারণে সারা বিশ্বের নেয় মেহেরপুর শহরেও কিন্তু করোনা ভাইরাসের সংক্রমণ বেড়ে চলেছে তারই পরিপেক্ষিতে কর্মহীন হয়ে পড়েছে অনেক পরিবার। তাই তাদের মাঝে কিছু উপহার সামগ্রী বিতরণ করেছি।

এ সময় উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা যুবলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরন, সরকারি কলেজ ছাত্রলীগের সভাপতি আদিব হাসান আসিফ, সাবেক মুক্তি যোদ্ধা বিষয়ক সম্পাদক ফয়সাল হাসান রকি, সেচ্চসেবক রবিন, শাওন প্রমুখ।

মেপ্র/এমএফআর

আওয়ামী লীগ নেতার জীবন নিয়ে খেললো পার্কভিউ হাসপাতাল, বিনাচিকিৎসায় মৃত্যু

সাতদিন ধরে হার্টের চিকিৎসা নিয়ে সন্ধ্যায় হাসপাতাল ছেড়েছেন রোগী। রাতে শ্বাসকষ্ট বেড়ে গেলে সকালে আবার নিয়ে আসা হয় একই হাসপাতালে। কিন্তু দুই ঘণ্টা যাবৎ তারা রোগীকে ভর্তি নেয়নি। এক পর্যায়ে হাসপাতালের জরুরি বিভাগেই তার মৃত্যু হয়। তিনি হার্টের রোগী ছিলেন।

আজ বৃহস্পতিবার সকালে নগরীর পার্ক ভিউ হাসপাতালে এমন ঘটনা ঘটেছে। এর আগেও তারা এই রোগীকে ভর্তি নেয়নি প্রথমে। পরবর্তীতে এক সাবেক ছাত্রনেতার হস্তক্ষেপে রোগী ভর্তি নেয় কর্তৃপক্ষ।

বিনা চিকিৎসায় মারা যাওয়া ব্যক্তির নাম মোহাম্মদ হোসেন। তিনি চট্টগ্রামের কর্ণফুলী থানার শিকলবাহা ইউনিয়নের ৪ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।
মোহাম্মদ হোসেনের ভাতিজা ইসহাক ইমন বলেন, ‘বুধবার সন্ধ্যায় আমার চাচাকে পার্কভিউ হাসপাতাল থেকে বাসায় নিয়ে যাই। রাতে ওনার শ্বাসকষ্ট বেড়ে গেলে আজ সকাল ৭ টার দিকে আবার পার্কভিউ হাসপাতালে নিয়ে আসি। কিন্তু এবার তারা রোগী ভর্তি নেয়নি। দুই ঘণ্টা ধরে তারা রোগীকে দেখতেও আসেনি। এক পর্যায়ে ডাক্তার আশরাফ এসে বলে উনি করোনা সাসপেক্টেড। আইসিইউ লাগবে। এরপর বলে একবার ৪ তলায় যান, আবার বলে ৮ তলায় যান। এভাবে করতে করতে রোগী মারাই গেল।’

তিনি আরও বলেন, ‘এক সপ্তাহ আগেও তারা আমার চাচাকে ভর্তি নেয়নি। পরে নুরুল আজিম রনি ভাইয়ের হস্তক্ষেপে তারা ভর্তি নেয়।’

এ বিষয়ে মহানগর ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক নুরুল আজিম রনি বলেন, ‘১৫ জুন বুকের ব্যথা নিয়ে এই রোগী উক্ত হাসপাতালে আসলে সিট না দেওয়ার অভিযোগ এনে রোগীর স্বজন আমাকে ফোন করেছিল। সেদিন আমি হাসপাতালের দায়িত্বরতদের সাথে ফোনে কথা বলে একপ্রকার জোর করে রোগীর সিট ম্যানেজ করে দিয়েছিলাম। এরপর এই রোগী সুস্থ হলে ২০ জুন বাড়ি চলে যায়। পরবর্তীতে ২৬ জুন পুনরায় অসুস্থ হলে এই রোগীকে আবারো পার্ক ভিউ হাসপাতালে ভর্তি করা হয়। বুধবার সন্ধ্যায় রোগীকে রিলিজ করলে আত্মীয়রা বাড়ি নিয়ে যায়। কিন্তু

বৃহস্পতিবার ভোরে পুনরায় এই রোগী বুকের ব্যথা অনুভব করলে পার্কভিউ হাসপাতালে নিয়ে আসা হয়। সকাল ৭টা থেকে দুই ঘণ্টা উক্ত রোগীকে ইমার্জেন্সিতে রাখলেও হার্টের কোনো চিকিৎসা দেওয়া হয়নি। উল্টো বুধবার সন্ধ্যায় রিলিজ হওয়া এই হার্টের রোগীকে করোনা উপসর্গের রোগী বলে হাসপাতালের দায়িত্বরতরা চিকিৎসাদানে বিরত থাকেন। পরবর্তীতে বুকের ব্যথায় কাতর এই রোগী বিনা চিকিৎসায় মৃত্যুবরণ করেন।’

এ বিষয়ে জানতে সিএমপির উপ কমিশনার (উত্তর) বিজয় বসাক বলেন, ‘আমরা এ ধরনের কোনো অভিযোগ পাইনি। স্বজনরা অভিযোগ করলে আমরা ব্যবস্থা নিব।’

পার্কভিউ হাসপাতালের ব্যবস্থাপনা পরিচালক ডা. রেজাউল করিমকে মুঠোফোনে কল দিয়েও পাওয়া যায়নি।

সূত্র: বিডি-প্রতিদিন

মেহেরপুরে এমডিএন ফুড এর যাত্রা শুরু

মেহেরপুর সদর উপজেলার কামদেবপুর গ্রামে অনলাইন অর্ডার এমডিএফ ফুড এর শুভ উদ্বোধন করা হয়।

গতকার বুধবার সন্ধ্যায় মেহেরপুর সদর উপজেলা কামদেবপুর হাইস্কুল প্রাঙ্গণে এই অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

এসময় উপস্থিত ছিলেন সিইও মোহিত হাসান বলেন, সম্প্রতি সময়ের জনপ্রিয় একটি পরিষেবা হলো অনলাইন অর্ডারিং। বিভিন্ন পণ্য দেশ বিদেশ থেকে অর্ডার করে নিয়ে আসা গেলেও খাবার পণ্য নিয়ে আসাটা কঠিন বা দুষ্কর। আর এই কথা চিন্তা করেই এমডিএন ফুড এ সমাধানের চেষ্টা করে আসছে সেই ২০১৮ সাল থেকে। আজ (বুধবার) এমডিএন ফুড মোবাইল সফটওয়্যার সফলভাবে উদ্বোধন করা হয়েছে।

তাদের পরিষেবা গুলো হচ্ছে- অনলাইন ভিত্তিক ফুড ডেলিভারি করা, যে

কোনো দোকানদার তাদের এপে ফুড বা গ্রোসারি পণ্য সেল করতে পারবে, সেলার নিজেও ডেলিভারি করতে পারে কিংবা এমডিএন এক্সপ্রেস দ্বারাও ডেলিভারি করাতে পারে ।

এ সময় আরো উপস্থিত ছিলেন মো:আসিফ খান, সেলিম, সাইফুল, ডালিম সহ অন্যরা উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ায় গাঁজাসহ যুবক আটক

কুষ্টিয়ার কুমারখালীতে দুই কেজি গাঁজাসহ জিয়াউর রহমান (৩৬) নামে এক যুবককে আটক করেছে র্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র্যাব)। গতকাল বুধবার বিকেলে উপজেলার শালঘরমধুয়া পশ্চিমপাড়া এলাকা থেকে তাকে আটক করা হয়। আটক জিয়াউর রহমান ওই এলাকার বাসিন্দা।

গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭টার দিকে এক বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য নিশ্চিত করে র্যাব-১২ কুষ্টিয়ার ভারপ্রাপ্ত কোম্পানি কমান্ডার স্বজল কুমার সরকার জানান, গোপন সংবাদে ওই এলাকায় অভিযান চালিয়ে জিয়াউর রহমানকে আটক করা হয়।

এসময় তার থেকে দুই কেজি গাঁজা উদ্ধার করা হয়। তার বিরুদ্ধে কুমারখালী থানায় একটি মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা করে তাকে পুলিশের কাছে হস্তান্তর করা হয়েছে বলেও জানান র্যাবের এই কর্মকর্তা।